ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩০৩৫
আগরতলা, ১২ মার্চ,২০২৫

**উচ্চমাধ্যমিক পরীক্ষা শান্তিপূর্ণ**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত উচ্চমাধ্যমিক পরীক্ষায় আজ সাইকোলজি বিষয়ের পরীক্ষা গ্রহণ করা হয়। রাজ্যের ৭টি উচ্চতর মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রের অন্তর্গত সবক'টি পরীক্ষা স্থলের অবস্থা শান্তিপূর্ণ ছিলো। আজ সারা রাজ্যে পরীক্ষায় বসেছিলো ১০০৮ জন পরীক্ষার্থী। তারমধ্যে ছাত্র ৩৫১ জন ও ছাত্রী ৬৫৭ জন। অনুপস্থিত ছিলো ১ জন ছাত্র ও ৪ জন ছাত্রী। ছাত্রছাত্রীর উপস্থিতির হার ৯৯.৫১ শতাংশ। আগামী ১৩ মার্চ মাধ্যমিক ও মাদ্রাসা আলিমের অংক (বেসিক ও স্ট্যান্ডার্ড) পরীক্ষা গ্রহণ করা হবে। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****